ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ
নগর ভবন, ফিনিক্স রোড, ঢাকা।
www.dscc.gov.bd

স্মারক নং- শপ্রেজিউ/বি/২০০৮/১৩(১২)- ১৪৫ তারিখ : ১০/১১/২০২৬ খ্রিঃ

পুরানা মোগলটুলী উচ্চ বিদ্যালয়ে শূন্য পদে নিয়োগ বিজ্ঞপ্তি:

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত পুরানা মোগলটুলী উচ্চ বিদ্যালয়ে নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম	পদ সংখ্যা	জাতীয় বেতন স্কেল- ২০১৫ ও গ্রেড	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১	২	৩	৪	৫	৬	৭
১.	প্রধান শিক্ষক	১টি	২৯০০০-৬৩৪১০/- (গ্রেড-৭)		স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ও বি. এড ডিগ্রী/সমমান। সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/ শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না।	মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী প্রধান শিক্ষক অথবা মাধ্যমিক বিদ্যালয়ের ইনডেক্সধারী সহকারী প্রধান শিক্ষক/ নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়ে ইনডেক্সধারী প্রধান শিক্ষক হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ এমপিওভুক্ত পদে সর্বমোট ১৫ (পনের) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।
২.	সহকারী শিক্ষক (গণিত)	১টি	(১) ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) (২) ১২৫০০-৩০২৩০/- (গ্রড-১১)	অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান ও বি. এড ডিগ্রি/ সমমান। অথবা (২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান। সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/ শ্রেণি/ সমমান গ্রহণযোগ্য হবে না।	
৩.	সহকারী শিক্ষক (ইংরেজি)	১টি	(১) ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) (২) ১২৫০০-৩০২৩০/- (গ্রড-১১)	অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি ও বিএড ডিগ্রি/ সমমান। অথবা (২) স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/ সমমান গ্রহণযোগ্য হবে না।	
৪.	সহকারী শিক্ষক (ভৌত জ্ঞান)	১টি	(১) ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) (২) ১২৫০০-৩০২৩০/- (গ্রড-১১)	অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিজ্ঞান/ রসায়নসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.এড ডিগ্রি/ সমমান। (২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিজ্ঞান/ রসায়নসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান। সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/ সমমান গ্রহণযোগ্য হবে না।	
৫.	সহকারী শিক্ষক (চারু ও কারুকলা)	১টি	(১) ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) (২) ১২৫০০-৩০২৩০/- (গ্রড-১১)	অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে চারুকলায় স্নাতক ডিগ্রি ও বি.এড ডিগ্রি/ সমমান। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/ সমমান ও বিএড ডিগ্রিসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০১ বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট ইন ফাইন আর্টস। (২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে চারুকলায় স্নাতক ডিগ্রি অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/ সমমানসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০১ বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট ইন ফাইন আর্টস। সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/ শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না।	
৬.	সহকারী শিক্ষক (কৃষি)	১টি	(১) ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) (২) ১২৫০০-৩০২৩০/- (গ্রড-১১)	অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় নিম্নের যেকোন একটি বিষয়সহ স্নাতক/সমমান থাকতে হবে: কৃষি/কৃষি-অর্থনীতি/ মৎস্য / পশুপালন/ কৃষি প্রকৌশল/ বনবিদ্যা/ পরিবেশ বিজ্ঞান/ জেনেটিক ইঞ্জিনিয়ারিং/ মৃত্তিকা বিজ্ঞান/ ডিভিএম অথবা কৃষি বিষয়ে ডিপ্লোমা/ সম্মান (উপরে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়সহ বি.এড ডিগ্রি থাকলে অগ্রাধিকার পাবে)। অথবা উদ্ভিদবিদ্যা/ প্রাণিবিদ্যা বিষয়ে স্নাতকসহ বি.এড ডিগ্রি (২) উদ্ভিদবিদ্যা/ প্রাণিবিদ্যা বিষয়ে স্নাতক ডিগ্রি সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/ শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না।	
৭.	সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা)	১টি	(১) ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) (২) ১২৫০০-৩০২৩০/- (গ্রড-১১)	অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.পি.এড ডিগ্রি/ সমমান। অথবা (২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ও জুনিয়র ফিজিক্যাল ডিপ্লোমা। সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/ শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না।	
৮.	সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)	১টি	(১) ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) (২) ১২৫০০-৩০২৩০/-(গ্রড-১১)	অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)	(১) কম্পিউটার বিজ্ঞান/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ তথ্য প্রযুক্তি (আই.টি.)/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে স্নাতক/ সমমান। অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ৩ (তিন) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন কম্পিউটার সায়েন্স ডিগ্রি। অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.এড. ডিগ্রিসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে ১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স ইন কম্পিউটার টেকনোলজি। (২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/ আই.সি.টি. বিষয়সহ স্নাতক ডিগ্রি/ সমমান। অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/ সমমানসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে ১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স ইন কম্পিউটার টেকনোলজি। সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/ শ্রেণি/ সমমান গ্রহণযোগ্য হবে না।	
৯.	অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর	১টি	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)	শিক্ষা বোর্ড হতে এইচ.এস.সি/সমমানসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ৬ (ছয়) মাস মেয়াদি কম্পিউটার ডিপ্লোমাধারী হতে হবে। সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/ শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না।	
১০.	কম্পিউটার ল্যাব অপারেটর	১টি	৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৩ (তিন) বছর মেয়াদি কম্পিউটার ডিপ্লোমা/ সমমান। অথবা শিক্ষাবোর্ড হতে কম্পিউটার/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়সহ বিজ্ঞান বিভাগে এইচ.এস.সি সমমান। এইচএসসি/ সমমানসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০৬ (ছয়) মাস মেয়াদি কম্পিউটার ডিপ্লোমাধারী অগ্রাধিকার পাবে। সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না।	
১১.	নৈশ প্রহরী	১টি	৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)	জে.এস.সি/জে.ডি.সি/সমমান	
১২.	পরিচ্ছন্নতাকর্মী	১টি	৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)	জে.এস.সি/জে.ডি.সি/সমমান	
১৩.	আয়া	১টি	৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)	জে.এস.সি/জে.ডি.সি/সমমান	

শর্তাবলি:

(ক) আবেদনপত্রে ১। প্রার্থীর নাম ২। পিতা/স্বামীর নাম ৩। মাতার নাম ৪। স্থায়ী ঠিকানা ৫। বর্তমান ঠিকানা ৬। নিজ জেলা ৭। জাতীয়তা ৮। ধর্ম ৯। জন্মতারিখ ১০। ০১/১২/২০২৬ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১১। জাতীয় পরিচয়পত্র নম্বর ১২। টেলিফোন/মোবাইল নম্বর ১৩। অভিজ্ঞতা (যদি থাকে) ১৪। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক লিখিত আবেদনপত্র প্রধান শিক্ষক বরাবর পেশ করতে হবে। শিক্ষাগত যোগ্যতার বিবরণ নিম্নলিখিত ছক অনুযায়ী উল্লেখ করতে হবে:

পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়	প্রাপ্তবিভাগ/শ্রেণী/জিপিএ	উত্তীর্ণ হওয়ার বছর
১	২	৩	৪	৫

(খ) প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রার্থীর সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সামায়িক সনদ ও অভিজ্ঞতার সার্টিফিকেট, বাংলাদেশী নাগরিকত্বের সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্র এবং প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি চারিত্রিক প্রশংসাপত্র অবশ্যই আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(গ) উপরোক্ত ছকের ক্রমিক নং-১ এ বর্ণিত পদ ব্যতীত অন্যান্য পদের ক্ষেত্রে আবেদনকারীর বয়স ০১/১২/২০২৬ খ্রিঃ তারিখে নির্ধারিত উল্লিখিত বয়সের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোনো অ্যাভিডেভিট গ্রহণযোগ্য নয়।

(ঘ) মুক্তিযোদ্ধা কোটাভুক্ত প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশের মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী বা প্রধান উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি অথবা মুক্তিযোদ্ধাবিষয়ক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সামায়িক সনদপত্র প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোনো সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না। আবেদনকারী মুক্তিযোদ্ধা কোটাভিত্তিক কি না- এ মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। নিয়োগের ক্ষেত্রে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

(ঙ) চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

(চ) প্রার্থীকে অবশ্যই গৃহীত (লিখিত) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(ছ) উপরোক্ত ছকের ক্রমিক নং-১ এ বর্ণিত পদের জন্য ১০০০ (এক হাজার) টাকার, ক্রমিক নং-২ হতে ৮ এ বর্ণিত পদের জন্য ৭০০ (সাতশত) টাকার; এবং ক্রমিক নং-৯ হতে ১৩ এ বর্ণিত পদের জন্য ৫০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে অর্ডার তফসিলভুক্ত যে কোনো ব্যাংকের শাখা থেকে "পুরানা মোগলটুলী উচ্চ বিদ্যালয়"এর অনুকূলে প্রদান করতে হবে।

(জ) সরকারি বিধি মোতাবেক সংশ্লিষ্ট পদের বেতন-ভাতা ও সুযোগ সুবিধা ছাড়াও স্কুল কর্তৃক প্রদত্ত অন্যান্য ভাতা (যদি থাকে) প্রযোজ্য হবে।

(ঝ) আবেদনপত্র আগামী **১২/১২/২০২৬** খ্রিঃ তারিখ অফিস চলাকালীন ডাকযোগে প্রধান শিক্ষক, ২৫-২৬ পুরানা মোগলটুলী উচ্চ বিদ্যালয়, ঢাকা-১১০০ ঠিকানায় পৌঁছাতে হবে। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম স্পষ্ট করে উল্লেখ করতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(ঞ) ইতোপূর্বে ৩০/০১/২০২৩ খ্রি. তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে যে সমস্ত প্রার্থী আবেদন বৈধ হিসেবে বিবেচিত হয়েছিল তাদের পুনরায় আবেদন করার দরকার নেই। বিদ্যালয়ের নোটিশ বোর্ডে বৈধ আবেদনকারীদের তালিকা লিপিবদ্ধ আছে। তালিকা অনুযায়ী তারা সরাসরি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ট) যেকোনো সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে এবং প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।

(ঠ) কোনো প্রকার কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির পরিবর্তন, সংশোধন, পদ সংখ্যা বৃদ্ধি/হ্রাস অথবা বাতিল করণের ক্ষমতা সংরক্ষণ করেন। কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ নিয়োগ আদেশ বাতিলসহ সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

১০/১১/২৬

মোহাম্মদ মোবাশ্বের হাসান (উপসচিব)
প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
ফোন: ০২২২৩৩৮৬৪৯৬

ডিএসসিসি/পিআরডি/১২৩/২০২৬-২৭

জি-১২৪০/১১/২৬ (৩৫ x ৪)

bekarsfeed.com